

স্মারক নং : মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৫৫৬/ PVV Edu (পার্ট-৬)/২০২১/ ২০৭২ তারিখ : ০৯.০৫.২০২২ খ্রি.  
বিষয় : সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর ভোকেশনাল কর্মসূচির আওতাভুক্ত ৬৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানে (বিদ্যালয় ও মাদ্রাসা) বিদ্যুৎ সংযোগ স্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর ভোকেশনাল কর্মসূচির আওতায় মাধ্যমিক স্তরের সাধারণ শিক্ষা ধারার ৬৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানে (বিদ্যালয়/মাদ্রাসা) ২০২০ শিক্ষাবর্ষ হতে এসএসসি/দাখিল পর্যায়ে শিক্ষামন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত ০২টি করে ট্রেডের (মোট ট্রেড ১০টি) ভোকেশনাল কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। বর্ণিত কার্যক্রমের আওতায় প্রতিটি বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণিকক্ষ ও ল্যাব নির্মাণ এবং ট্রেডভিত্তিক প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ কার্যক্রম চলমান রয়েছে। সরবরাহকৃত যন্ত্রপাতিসমূহ অধিকাংশ বিদ্যুৎ চালিত হওয়ায় কর্মসূচির আওতাভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ বিদ্যুৎ সংযোগের আওতাভুক্ত হওয়া আবশ্যিক।

০২। ইতোমধ্যে, সেসিপ ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের-এর কর্মকর্তা এবং ভোকেশনাল বিষয়ক বিশেষজ্ঞগণের অংশগ্রহণে বিগত ০৯.০৫.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ট্রেডভিত্তিক বৈদ্যুতিক সংযোগের ক্ষেত্রে Phase চিহ্নিতকরণ বিষয়ক ভারুয়াল কর্মশালার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত ট্রেডসমূহের অন্তর্ভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে বৈদ্যুতিক সংযোগ স্থাপনের ক্ষেত্রে থ্রি-ফেইজ সংযোগ আবশ্যিক:

ক্র.নং	ট্রেডের নাম
১.	General Electrical Works
২.	General Mechanics
৩.	Welding and Fabrications
৪.	Apparel Manufacturing Basics (পূর্বনাম-Dress Making)

উল্লেখ্য, থ্রি-ফেইজ বৈদ্যুতিক সংযোগ স্থাপনের ক্ষেত্রে লোড ব্যালেন্সিং এর মাধ্যমে লো-ভোল্টেজ সমস্যার সমাধানপূর্বক বৈদ্যুতিক যন্ত্রপাতি দীর্ঘদিন ব্যবহার, উচ্চ লোডজনিত কারণে বৈদ্যুতিক ক্যাবলের তাপবৃদ্ধির কারণে শর্টসার্কিট সমস্যার সমাধান এবং মাসিক বিদ্যুৎ বিল হাসসহ অন্যান্য সুবিধা বিদ্যমান রয়েছে বিধায় কর্মসূচিভুক্ত সকলপ্রতিষ্ঠানে বৈদ্যুতিক সংযোগ স্থাপনের ক্ষেত্রে থ্রি-ফেইজ সংযোগ অগ্রগণ্য।

০৩। এমতাবস্থায়, সেসিপ-এর ভোকেশনাল কর্মসূচির আওতাভুক্ত যেসকল শিক্ষাপ্রতিষ্ঠানে (বিদ্যালয় ও মাদ্রাসা) বর্ণিত ০৪টি ট্রেডের একটি/দুটি বিদ্যমান রয়েছে সেসকল প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে থ্রি-ফেইজ এবং অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানে সম্ভব হলে থ্রি-ফেইজ অন্যথায় সিঙ্গেল-ফেইজ বৈদ্যুতিক সংযোগ স্থাপনের জন্য অনুরোধ করা হলো।

০৯.০৫.২০২২  
(প্রফেসর ড. সামসুন নাহার)

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ... (ভোকেশনাল কর্মসূচিভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান)।

যুগ্ম-প্রোগ্রাম পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮০২২২৩৩৮৩৭১২

email: jpd.sesip@gmail.com

স্মারক নং : মাউশি/সেসিপ/২-৫৫৬/ Pre. Voc. – Voc. Edu (পার্ট-৬)/ ২০২১/ ২০৭২ তারিখ: ০৯.০৫.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ), শিক্ষা ভবন, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. জেলা প্রশাসক, সকল জেলা।
৪. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, সকল অঞ্চল। [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
৬. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা। [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৭. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সকল জেলা।
৮. উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা। [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৯. ভোকেশনাল ফোকাল পার্সন, আঞ্চলিক কার্যালয় (সকল)।
১০. ভোকেশনাল ফোকাল পার্সন, জেলা শিক্ষা অফিস (সকল)।
১১. উপজেলা/ থানা একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা। [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১২. অফিসকপি।

০৯.০৫.২০২২  
(মোহাম্মদ মামুন মিয়া)

সহকারি পরিচালক (প্রোগ্রাম-৩)